

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.২৪৩

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫

২৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ গাজীপুর-এ একটি মিনিবাস ও একটি মাইক্রোবাস ক্রয়ের অনুমতি প্রদান।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৭-০৮-২০১৮ তারিখের
৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০১.১৮-৫৫৯৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর এর পরিবহন তহবিল ও বিবিধ তহবিল হতে ২৩,৪৯,০০০ (তেইশ লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে ০১ (এক) টি মিনিবাস এবং ৪২,৯০,০০০ (বিয়াল্লিশ লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয়ে ০১ (এক) টি মাইক্রোবাস ক্রয়সহ সর্বমোট ৬৬,৩৯,০০০ (ছেষটি লক্ষ উনচল্লিশ হাজার টাকা) ব্যয়ের অনুমতি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

ক) গাড়ি ক্রয়ে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;

খ) প্রয়োজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক PPA এবং PPR অনুসরণক্রমে অর্থমন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী গাড়ি ক্রয় করতে হবে;

গ) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;

ঘ) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;

ঙ) প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. হতে গাড়ী ক্রয়ের বিষয়টি আগ্রাধিকার প্রদান করতে হবে;

চ) আগামী ০৩ মাসের মধ্যে গাড়ী ক্রয় করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

ছ) শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৭-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.২৪৩/১(৫)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫
২৭ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৪) অধ্যক্ষ, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর।
৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৭-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব